**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 15-09-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-SEVA SANKALP :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে মাসব্যাপী বিভিন্ন কর্মসূচি আয়োজন করবে রাজ্য সরকার। ১৭ই সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর জন্মদিন থেকে শুরু হয়ে এই কর্মসূচি চলবে ১৭ই অক্টোবর পর্যন্ত। সচিবালয়ে গতকাল এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানান, এবারের কর্মসূচির মূল ভাবনা-'সেবা সংকল্প অভিযান-জনসেবা হি প্রভু সেবা'। প্রধানমন্ত্রীর ২৫ বছরের নিরবচ্ছিন্ন জনসেবারও স্মরণ করা হবে এই আয়োজনে। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে দেশের সর্বশ্রেষ্ঠ প্রধানমন্ত্রী হিসেবে উল্লেখ করে জনধন যোজনা, পিএম গতিশক্তি, উজ্জ্বলা যোজনা, অপারেশন সিঁদুর এবং ৩৭০ ধারা বিলোপের মতো উদ্যোগের কথা তুলে ধরেন। রাজ্যজুড়ে 'আঙ্গন মিলন সেবা', 'সেবা কি কাহানী', 'কলস যাত্রা', 'সার্ভিস মাই কন্ট্রিবিউশন', 'সেবা কে রং-রাষ্ট্র কে সঙ্গ', 'সুশাসন সংবাদ' এবং 'নমো সেবা' ইত্যাদি কর্মসূচি অনুষ্ঠিত হবে।

******************

**ADC Election :**

এডিসি'র ভিলেজ কমিটির নির্বাচনে নিরাপত্তা দিতে ৭৪ কোম্পানি আধা সামরিক বাহিনী রাজ্যে আসতে শুরু করেছে। তাঁরা পুলিশ ও টি.এস.আর-কে সঙ্গে নিয়ে এডিসি'র বিভিন্ন স্পর্শকাতর এলাকায় টহল দেবে। এদিকে, রাজ্য নির্বাচন কমিশনার ড. প্রদীপ কুমার চক্রবর্তী গতকাল ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ভিলেজ কমিটির নির্বাচন নিয়ে রাজ্য পুলিশের মহানির্দেশক, আট জেলার জেলাশাসক ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক

করেন। বৈঠকে এডিসির বিভিন্ন এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। পাশাপাশি অবাধ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়।

*****************

**Engineer's Day :**

আজ এম. বিশ্বেশ্বরাইয়ার জন্মদিন ইঞ্জিনিয়ার্স ডে হিসাবে পালিত হচ্ছে। এই উপলক্ষে পূর্ত দপ্তরের উদ্যোগে সকালে আগরতলায় পদযাত্রার আয়োজন করা হয়। পদযাত্রার সূচনা করেন উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মণ।

*****************

**PM-BRICS :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্রিকস সম্মেলনের দিল্লি বৈঠককে ফলপ্রসূ করে তোলার জন্য সমস্ত সদস্য দেশের নেতাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। দুইদিনব্যাপী এই সম্মেলনের প্রধান মুহূর্তগুলি তুলে ধরে প্রধানমন্ত্রীর সামাজিক মাধ্যমের পেজগুলোতে ভিডিও প্রকাশ করা হয়েছে যেখানে তিনি বলেন যে, ব্রিকসের মাধ্যমে ভারত বন্ধুত্ব, অংশীদারিত্ব এবং সহযোগিতাকে সর্বত্র এগিয়ে নিয়ে গেছে।

******************

**Governor-Ganesh Puja :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল উদয়পুরের মাতাবাড়িতে সিদ্ধি বিনায়ক ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে আয়োজিত গণেশ পুজায় অংশ নেন। তিনি বলেন, উৎসব মানুষকে দলগতভাবে কাজ করতে উৎসাহিত করে। বিশেষ করে তরুণ প্রজন্মের মধ্যে নেতৃত্বদানের গুণাবলির বিকাশে সহায়তা করে। রাজ্যপাল মাদকাসক্তির বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি করার জন্য যুব সম্প্রদায় এবং অভিভাবকদের এগিয়ে আসার আহ্বান জানান।

*****************

**Ganesh-Kailashahar :**

কৈলাশহরের পাণিচৌকি বাজারে গতকাল সপ্তাহব্যাপী গণেশ পূজার মণ্ডপের উদ্বোধন করেছেন সমাজ কল্যাণ মন্ত্রী টিংকু রায়। তিনি ঐতিহ্য, পরম্পরা ও সংস্কৃতির চেতনাকে লালন করে নব প্রজন্মের কাছে তা তুলে ধরার আহ্বান জানান।

******************

**WPI :**

ভারতে পাইকারি মূল্যসূচক বা WPI–ভিত্তিক মুদ্রাস্ফীতি আগস্টে বেড়ে ৯ দশমিক ৯২ শতাংশ হয়েছে। জুলাইয়ে এই হার ছিল ৯ দশমিক ৭৮ শতাংশ। বাণিজ্য ও শিল্প মন্ত্রকের তথ্য অনুযায়ী, খনিজ তেল, খাদ্যপণ্য, ধাতু ও রাসায়নিকসহ বিভিন্ন পণ্যের দাম বৃদ্ধির কারণে মুদ্রাস্ফীতি বেড়েছে এবং টানা চতুর্থ মাসে তা ৯ শতাংশের উপরে রয়েছে। জ্বালানি ও বিদ্যুৎ ক্ষেত্রে মুদ্রাস্ফীতি জুলাইয়ের ২০ শতাংশ থেকে বেড়ে আগস্টে ২২ দশমিক ৯ শতাংশ হয়েছে। উৎপাদিত পণ্যে তা সামান্য বেড়ে ৮ দশমিক ৪ শতাংশে পৌঁছেছে। অন্যদিকে, প্রাথমিক পণ্যে মুদ্রাস্ফীতি ৮ দশমিক ৫ শতাংশ থেকে কমে ৭ দশমিক ৮ শতাংশ হয়েছে। খাদ্যসূচকভিত্তিক মুদ্রাস্ফীতিও জুলাইয়ের ৬ দশমিক ৬৫ শতাংশ থেকে বেড়ে আগস্টে ৭ দশমিক ০৫ শতাংশ হয়েছে।

******************

**Lok Adalat :**

রাজ্যে জাতীয় লোক আদালতে ১৮ হাজার ৯৩৩ মামলা নিষ্পত্তি হয়েছে। গত শনিবার ত্রিপুরা হাইকোর্ট সহ রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত প্রাঙ্গণে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ভিপি দেববর্মা গতকাল এখবর জানিয়েছেন।

******************

**Health Programme :**

জাতীয় মাসিক স্বাস্থ্য কার্যক্রমের অঙ্গ হিসেবে গতকাল বিশালগড়ের রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়ে এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়েছে। মহকুমা স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই আলোচনা চক্রে কিশোর-কিশোরী ও যুবসমাজ কীভাবে মানসিক চাপ, অবসাদ ও হতাশা থেকে দূরে থেকে সুস্থ ও স্বাভাবিক জীবনযাপন করতে পারে, সে বিষয়ে আলোচনা করেন মহাবিদ্যালয়ের মেন্টাল হেলথ কমিটির নোডাল অফিসার লিপিকা দেববর্মা।

*****************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রী সেলসিয়াস।

*****************